

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪
সোনামুড়া, ১ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

সোনামুড়া মহকুমায় ভোট কর্মীদের মহড়া

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের সোনামুড়া মহকুমার ২০-বক্সনগর, ২১-নলছড়, ২২-সোনামুড়া এবং ২৩-ধনপুর এই চারটি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে যুক্ত ভোটকর্মীদের প্রথম পর্যায়ের নির্বাচনী মহড়া গত ২৮ মার্চ সোনামুড়া টাউনহলে অনুষ্ঠিত হয়। মহড়ায় ২৪৭ জন প্রিসাডিং অফিসার, ২৯২ জন ফাস্ট পোলিং অফিসার, ২৮৪ জন সেকেন্ড পোলিং অফিসার, ২৩৩ জন থার্ড পোলিং অফিসার ও ২৮১ জন চতুর্থ শ্রেণীর কর্মী অংশগ্রহণ করেন। এই নির্বাচনী মহড়ায় ২২-সোনামুড়া বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের সহকারি রিটার্নিং অফিসার তথা সোনামুড়া মহকুমা শাসক অরুণ দেব, ২১-নলছড় বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের সহকারি রিটার্নিং অফিসার তথা অতিরিক্ত মহকুমা শাসক মহেন্দ্র কাশে চাকমা, নলছড় ব্লকের অতিরিক্ত বিডিও সঞ্জিব দাস, ডিসিএম অনামিকা দেববর্মা, ডিসিএম শুভজিত পাল প্রমুখ উপস্থিত ছিলেন।
